

নবম দিনের এসএসসি পরীক্ষায় অনুপস্থিত ৩১ হাজার ৮৯৮ জন

অনলাইন ডেস্ক



নবম দিনের এসএসসি ও সমমান পরীক্ষায় আজ নয়টি সাধারণ শিক্ষা বোর্ড, মাদরাসা ও কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে মোট ৩১ হাজার ৮৯৮ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। সেই সঙ্গে সারা দেশে মোট ৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

রবিবার (১০ মে) আন্ত শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি সূত্রে জানা গেছে, আজ সাধারণ শিক্ষা বোর্ডে পদার্থবিজ্ঞান, বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা এবং ফিন্যান্স ও ব্যাংকিং পরীক্ষা অনুষ্ঠিত হয়। মাদ্রাসা বোর্ডে হাদিস শরিফ এবং কারিগরি বোর্ডে রসায়ন-২ পরীক্ষা হয়েছে।

আজকের পরীক্ষায় মোট ১৫ লাখ ৪০ হাজার
৫৭১ জন পরীক্ষার্থীর অংশগ্রহণের কথা ছিল।
কিন্তু পরীক্ষায় অংশগ্রহণ করেছেন ১৫ লাখ ৮
হাজার ৬৬৩ জন।

এর মধ্যে ঢাকা বোর্ডে অনুপস্থিত ছিল ৩ হাজার
৫০১ জন। কুমিল্লা বোর্ডে অনুপস্থিত ছিল ১
হাজার ৩০৬ জন।

যশোর বোর্ডে অনুপস্থিত ছিল ১ হাজার ৬২৮
জন। রাজশাহী বোর্ডে অনুপস্থিত ছিল ১ হাজার
৯৬৮ জন। চট্টগ্রাম বোর্ডে অনুপস্থিত ছিল ১
হাজার ২১৩ জন। বরিশাল বোর্ডে অনুপস্থিত
ছিল ১ হাজার ৩৫৯ জন।

দিনাজপুর বোর্ডে অনুপস্থিত ছিল ১ হাজার
৩৬৩ জন। ময়মনসিংহ বোর্ডে অনুপস্থিত ছিল
৯৭৭ জন এবং সিলেট বোর্ডে ৭৯৮ জন।

এর মধ্যে সবচেয়ে বেশি অনুপস্থিতি লক্ষ করা
গেছে মাদরাসা শিক্ষা বোর্ডে। এই বোর্ডে ২ লাখ
৫৪ হাজার ৮১৫ জন পরীক্ষার্থীর মধ্যে ১৩
হাজার ৭৯৭ জন অনুপস্থিত ছিল, যা মোট
পরীক্ষার্থীর ৫ দশমিক ৪১ শতাংশ। এছাড়া

কারিগরি শিক্ষা বোর্ডে অনুপস্থিত ছিল ৩ হাজার
৯৮৮ জন।

বোর্ডের তথ্য অনুযায়ী, আজকের পরীক্ষায়
অসদুপায় অবলম্বন করায় সারা দেশে বহিষ্কার
হওয়া ৯ জনের মধ্যে মাদরাসা বোর্ডে ৩ জন,
ঢাকা ও যশোর বোর্ডে ২ জন করে এবং সিলেট
ও কারিগরি বোর্ডে ১ জন করে পরীক্ষার্থী
হয়েছে।